গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন

এবং

সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ............................................................ ৩

প্রস্তাবনা ............................................................ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ............................. ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ............................................... ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ............................................................ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ............................................................ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ............................................................ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ............................................................ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ............................................... ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে গণমানুষের সুরক্ষায় "বঙ্গবন্ধু সুরক্ষা বীমা" পলিসি গত ১৬ মার্চ, ২০২০ তারিখে চালু করা হয়েছে। যার প্রিমিয়াম বাৎসরিক ১১৫.০০ টাকা নির্ধারণ করা হয়েছে এবং বীমা গ্রহীতা সর্বোচ্চ ২.০০ লক্ষ টাকা ক্ষতিপূরণ পাবেন। বিগত ২০১৮ হতে ২০২০ সাল পর্যন্ত ০৩ (তিন) বছরে ৬০ জন কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে এবং আরও ১৬৫ জন কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। বিগত ২০১৭ হতে ২০১৯ সাল পর্যন্ত ০৩ (তিন) বছরে প্রিমিয়াম আয় যথাক্রমে ২৩৮.৬৫, ৩৫১.৯২ ও ৩৭০.০৭ কোটি টাকা অর্জিত হয়েছে; এছাড়া ২০২০ সালে অনিরীক্ষিত প্রিমিয়াম আয় ৩৯০.০০ কোটি টাকা। বিগত ২০১৭ হতে ২০১৯ সাল পর্যন্ত ০৩ (তিন) বছরে পুনঃবীমা প্রিমিয়াম আয় যথাক্রমে ৬৯২.৩৬, ৭৯২.৩০ ও ৯৩০.০৯ কোটি টাকা অর্জিত হয়েছে। অত্র সংস্থায় বিগত ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের কর প্রদান পূর্ববর্তী নীট মুনাফা যথাক্রমে ৩০১.৭৩, ৩২৫.০২ ও ৩৪০.০৬ কোটি টাকা অর্জিত হয়েছে এবং ২০২০ সনের সম্ভাব্য মুনাফা ৩৩৮.০০ কোটি টাকা। এছাড়া গ্রাহক সেবার মান উন্নয়নে প্রয়োজনীয় ডকুমেন্টস্ প্রাপ্তির ৯০ দিনের মধ্যে বীমা দাবীর নিষ্পত্তির হার ৬৫% এ উন্নীত করা হয়েছে। মানব-সম্পদ উন্নয়নের আওতায় বিগত ০৩ (তিন) বছরে ২৩৬ জন কর্মকর্তা/কর্মচারী'কে পদোন্নতি প্রদান করা হয়েছে। এছাড়া সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী ০১ (এক) টি নতুন আইডিয়া বাস্তবায়ন করা রয়েছে। তাছাড়া সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, এন্টি মানিলন্ডারিং (AML), ই-ফাইলিং ও শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের কার্যক্রম জোরদার করা হয়েছে। সাধারণ বীমা কর্পোরেশন সরকারের সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত যেমন-পদ্মা সেতু, পদ্মা সেতুতে রেল সংযোগ, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র, রামপাল বিদ্যুৎ কেন্দ্র, মাতারবাড়ী বিদ্যুৎ কেন্দ্র, মেট্রোরেল প্রকল্প, এলএনজি টার্মিনাল ও গ্যাস পাইপলাইন প্রকল্প, পায়রা গভীর সমুদ্রবন্দর, দোহাজারী-রামু হয়ে কক্সবাজার এবং রামু-মিয়ানমারের কাছে ঘুমধুম পর্যন্ত সিঙ্গেল লাইন ডুয়েলগেজ ট্র্যাক নির্মানাধীন মেগা প্রকল্পসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহে বীমা কভারেজ প্রদান করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

দেশের বীমা শিল্পে প্রচলিত বীমা সম্পর্কে জনগণের আস্থাহীনতা ও সচেতনতার অভাব সবচেয়ে বড় সমস্যা। গ্রাহক সেবা প্রদানের ক্ষেত্রে প্রযুক্তি ব্যবহারে সীমাবদ্ধতা থাকায় জনগণের দোরগোড়ায় সহজে বীমা সেবা পৌছানো সম্ভব হচ্ছে না। প্রয়োজনীয় নতুন বীমা পণ্য উদ্ভাবন ও বাজারজাতকরণে বিস্তর সমস্যা রয়েছে। দেশের বীমা বাজারে অসম প্রতিযোগীতা বিদ্যমান থাকায় বে-সরকারি খাতের বীমা প্রিমিয়াম আহরণের লক্ষ্যমাত্রা অর্জন করা কঠিন হয়ে পড়েছে। বীমা পেশায় মেধাবীদের অংশগ্রহণ তথা টিকে থাকার অনীহা দক্ষ জনবল সৃষ্টিতে প্রতিবন্ধকতা সৃষ্টি করে যাচ্ছে। বর্তমানে বিশ্বব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদূর্ভাবের কারণে বীমা ও পুনঃবীমা প্রিমিয়াম অর্জনসহ কর্পোরেশনের সার্বিক কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন ব্যাহত হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বীমা বিষয়ে ব্যাপক প্রচার প্রচারনা কার্যক্রমের মাধ্যমে প্রিমিয়াম আয় বৃদ্ধির ধারা অব্যাহত রাখা। এছাড়া ২০২১ সালের মধ্যে সাধারণ বীমা কর্পোরেশনের সকল অফিস অন-লাইন সেবার আওতায় আনার লক্ষ্যে বীমা খাতে আরও বেশী প্রশিক্ষিত জনবল তৈরীর জন্য দেশে-বিদেশে উচ্চতর প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা। তাছাড়া নতুন বীমা পণ্য বাজারজাতকরণসহ ডিজিটাল সেবা প্রদান করা। SDG বাস্তবায়নের আওতায় সকল মানুষের সুস্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিতকরণের জন্য স্বাস্থ্য বীমা প্রচলন করা। মুজিববর্ষ উপলক্ষ্যে চালুকৃত "বঙ্গবন্ধু সুরক্ষা বীমা" পলিসি ব্যাপকভাবে প্রচলনের মাধ্যমে গণমানুষের সুরক্ষায় দূর্ঘটনাজনিত ঝুঁকি হ্রাসকরণের প্রয়াস অব্যাহত রাখা। এছাড়া সরকারের নির্বাচনী ইশতেহার, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প-২০৪১ অর্জনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- প্রিমিয়াম আয় সরকারী খাতে ৩৮৫.০০ কোটি টাকা, বেসরকারী খাতে প্রিমিয়াম আয় ২৩.০০ কোটি টাকা, পুনঃবীমা প্রিমিয়াম আয় ৯৮০.০০ কোটি টাকা। রিজার্ভ ফান্ড ১২৭.০০ কোটি টাকায় উন্নীতকরণ। ৯০ দিনের মধ্যে বীমা দাবী নিষ্পত্তির হার ৮০% -এ উন্নীতকরণ। বাৎসরিক নীট লাভ (কর প্রদান পূর্ববর্তী) ৩৫০.০০ কোটি টাকা ও পলিসি সংখ্যা ১,২৫,০০০ এ উন্নীতকরণ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন

এবং

সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বীমা ও পুনঃবীমা ব্যবসার ক্ষেত্রে বাংলাদেশের শীর্ষ প্রতিষ্ঠান হিসেবে সংস্থার অগ্রযাত্রা অব্যাহত রাখা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বিদ্যমান আইন ও বিধি-বিধান পরিপালন সাপেক্ষে বীমা ও পুনঃবীমা সেবার মাধ্যমে মুনাফা ও প্রবৃদ্ধি অর্জনের পাশাপাশি একটি শক্তিশালী ও টেকসই বীমা খাত তৈরীতে সংস্থার অবস্থান ধরে রাখা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. কর্পোরেশনের আয় বৃদ্ধি।
২. কর্পোরেশনের আর্থিক নিরাপত্তা ও সুশাসন প্রতিষ্ঠা।
৩. গ্রাহক সেবার মান উন্নয়ন।
৪. পলিসি কার্যক্রম ডিজিটালাইজেশন ও ওয়ান স্টপ সার্ভিস (OSS) প্রতিষ্ঠা।
৫. কৃষি উন্নয়নে বীমা পলিসি ইস্যু।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সরকারি ও বেসরকারি সম্পত্তির বিপরীতে ঝুঁকি গ্রহণপূর্বক বীমা পলিসি ইস্যু করা।
২. বেসরকারি সম্পত্তির ঝুঁকি গ্রহণের ক্ষেত্রে সম্পদের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতে সচেতনতা বৃদ্ধি করা।
৩. পুনঃবীমা কার্যক্রম পরিচালনা করা।
৪. সরকারি সম্পত্তি অথবা সরকারি সম্পত্তি সংশ্লিষ্ট ঝুঁকি সম্পর্কিত সকল প্রকার নন-লাইফ বীমা ব্যবসার ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) নিজের নিকট রেখে অবশিষ্ট ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) সকল বেসরকারি ননলাইফ বীমা কোম্পানির মধ্যে সমহারে বণ্টন করা।
৫. উত্থাপিত দাবী দ্রুততম সময়ে পরিশোধ করা।
৬. গণমানুষের সুরক্ষায় "বঙ্গবন্ধু সুরক্ষা বীমা" পলিসি ও ''জনতা দূর্ঘটনা বীমা" (পিপিএ) পলিসি ইস্যু করা।
৭. প্রান্তিক জনগোষ্ঠীর দূর্ঘটনাজনিত বীমা পলিসি ইস্যু করা।
৮. দেশের মেগা প্রকল্পসমূহের বীমা ঝুঁকি গ্রহণ করা।
৯. কৃষকদের জন্য আবহাওয়াসূচকভিত্তিক শস্য বীমা পলিসি ইস্যু করা।
১০. রপ্তানি উন্নয়নে Export Credit Guarantee Policy ইস্যু করা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | | |
| [১] সাবীকের আর্থিক নিরাপত্তা বৃদ্ধি | [১.১] নীট লাভের পরিমান | কোটি টাকায় | ৩৪০ | ৩৩৮ | ৩৪২ | ৩৪৫ | ৩৪৬ | বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ। | বার্ষিক প্রতিবেদন |
| | রিজার্ভ ফান্ড (পুঞ্জিভূত) | কোটি টাকায় | ১২০ | ১২৪ | ১২৭ | ১২৮ | ১৩০ | বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ। | বার্ষিক প্রতিবেদন |
| [২] গ্রাহক সেবার মান উন্নয়ন | ৯০ দিনের মধ্যে বীমা দাবী নিষ্পত্তির হার | % | ৬২ | ৬৫ | ৮০ | ৮৫ | ৯০ | বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ। | দাবী রেজিষ্টার |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | | [১.১.১] প্রিমিয়াম আয় (সরকারি) | সমষ্টি | কোটি টাকা | ১০ | ৩৫৯ | ৩২৯ | ৩৮৫ | ৩৬০ | ৩৫০ | ৩২৯ | ৩২৮ | ৩৮৭ | ৩৯০ |
| [১] কর্পোরেশনের আয় বৃদ্ধি। | ২৩ | [১.১] প্রিমিয়াম আয় | [১.১.২] প্রিমিয়াম আয় (পুনঃবীমা) | সমষ্টি | কোটি টাকা | ১০ | ৯৩০ | ৯৪৯ | ৯৮০ | ৯৭০ | ৯৬০ | ৯৪৯ | ৯৪৫ | ৯৯০ | ১০০০ |
| | | | [১.১.৩] প্রিমিয়াম আয় (বেসরকারি) | সমষ্টি | কোটি টাকা | ৩ | ১১ | ২০ | ২০.৭ | ২০ | ১৯.৫ | ১৯ | ১৮.৫ | ২৪ | ২৫ |
| | | [২.১] রিজার্ভ ফান্ডের পরিমান বৃদ্ধি | [২.১.১] রিজার্ভ ফান্ডের পরিমান | সমষ্টি | কোটি টাকা | ১০ | ১২০ | ১২৪ | ১২৭ | ১২৬ | ১২৫ | ১২৪ | ১২৩ | ১২৮ | ১৩০ |
| [২] কর্পোরেশনের আর্থিক নিরাপত্তা ও সুশাসন প্রতিষ্ঠা। | ২২ | [২.২] অভ্যন্তরীন অডিটের পরিমান বৃদ্ধি | [২.২.১] অডিটের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১০ | ৮০ | ১০২ | ১০৫ | ১০৪ | ১০৩ | ১০২ | ১০০ | ১১০ | ১১৫ |
| | | [২.৩] অভ্যন্তরীন অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | [২.৩.১] নিষ্পত্তির হার | গড় | % | ৫ | ৮০ | ৮০ | ৮৩ | ৮২ | ৮১ | ৮০ | ৭০ | ৮৫ | ৯০ |
| | | [৩.১] বীমা দাবী নিষ্পত্তির পরিমান বৃদ্ধি | [৩.১.১] ৯০ দিনের মধ্যে বীমা দাবী নিষ্পত্তির হার | গড় | % | ৪ | ৬২ | ৬৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৮৫ | ৯০ |
| [৩] গ্রাহক সেবার মান উন্নয়ন। | ১৩ | [৩.২] পলিসি ইস্যুর সংখ্যা বৃদ্ধি | [৩.২.১] পলিসির সংখ্যা | সমষ্টি | সংখ্যা (হাজারে) | ৫ | ১২৫ | ১১৯ | ১২৫ | ১২২ | ১২০ | ১১৯ | ১১৫ | ১২৭ | ১৩০ |
| | | [৩.৩] বঙ্গবন্ধু সুরক্ষা বীমা ইস্যুর সংখ্যা বৃদ্ধি | [৩.৩.১] গ্রাহকের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৪ | | ১৯০০ | ২৫০০ | ২৩০০ | ২২০০ | ১৯০০ | ১৮০০ | ২৬০০ | ২৭০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৪] পলিসি কার্যক্রম ডিজিটালাইজেশন ও ওয়ান স্টপ সার্ভিস (OSS) প্রতিষ্ঠা। | ৮ | [৪.১] পলিসি ইস্যু ব্যবস্থা ডিজিটালাইজ করা | [৪.১.১] পলিসি ধরনের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৫ | ৬ |
| | | [৪.২] ব্যবসা সহজীকরণ এবং ওয়ান স্টপ সার্ভিস (OSS) সম্পর্কিত তথ্য প্রচার ও সেবাপ্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ | [৪.২.১] ব্যবসা সহজীকরণ এবং ওয়ান স্টপ সার্ভিস (OSS) এর মাধ্যমে তথ্য/ সেবা প্রদানকারী শাখা/অফিস/বিভাগের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | | ৯ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১৩ | ১৪ |
| [৫] কৃষি উন্নয়নে বীমা পলিসি ইস্যু। | ৪ | [৫.১] কৃষকদের জন্য প্রচলিত শস্য বীমা ইস্যুর সংখ্যা বৃদ্ধি | [৫.১.১] গ্রাহক সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | | ৫২০ | ১০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | ১০১০ | ১০২০ |
| | | [৫.২] কৃষকদের বীমা বিষয়ে সচেতনমূলক সেমিনার আয়োজন করা; | [৫.২.১] সেমিনার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৫ | ৬ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন, সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ব্যবস্থাপনা পরিচালক<br>সাধারণ বীমা কর্পোরেশন | ৩০.০৬.২০২১<br>তারিখ |
| সিনিয়র সচিব<br>আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় | ৩০/৬/২০২১<br>তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | AML | Anti Money Laundering |
| ২ | SDG | Sustainable Development Goals (টেকসই উন্নয়ন অভীষ্ট) |
| ৩ | প্রঃকাঃ | প্রধান কার্যালয় |
| ৪ | বিআইএসডিপি | বাংলাদেশ ইন্স্যুরেন্স সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট |
| ৫ | সাবীক | সাধারণ বীমা কর্পোরেশন |

# সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] প্রিমিয়াম আয় | [১.১.১] প্রিমিয়াম আয় (সরকারি) | দায়গ্রহণ বিভাগ, সাবীক, প্রঃকাঃ | প্রিমিয়াম রেজিস্টার |
| | [১.১.২] প্রিমিয়াম আয় (পুনঃবীমা) | পুনঃবীমা বিভাগ, সাবীক, প্রঃকাঃ | প্রিমিয়াম রেজিস্টার |
| | [১.১.৩] প্রিমিয়াম আয় (বেসরকারি) | দায়গ্রহণ বিভাগ, সাবীক, প্রঃকাঃ | প্রিমিয়াম রেজিস্টার |
| [২.১] রিজার্ভ ফান্ডের পরিমান বৃদ্ধি | [২.১.১] রিজার্ভ ফান্ডের পরিমান | কেন্দ্রীয় হিসাব রক্ষণ বিভাগ, সাবীক, প্রঃকাঃ | বার্ষিক প্রতিবেদন |
| [২.২] অভ্যন্তরীন অডিটের পরিমান বৃদ্ধি | [২.২.১] অডিটের সংখ্যা | অডিট এন্ড কমপ্লায়েন্স বিভাগ, সাবীক, প্রঃকাঃ | অডিট রেজিস্টার |
| [২.৩] অভ্যন্তরীন অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | [২.৩.১] নিষ্পত্তির হার | অডিট এন্ড কমপ্লায়েন্স বিভাগ, সাবীক, প্রঃকাঃ | অডিট রেজিস্টার |
| [৩.১] বীমা দাবী নিষ্পত্তির পরিমান বৃদ্ধি | [৩.১.১] ৯০ দিনের মধ্যে বীমা দাবী নিষ্পত্তির হার | দাবী বিভাগ, সাবীক, প্রঃকাঃ | দাবী রেজিস্টার |
| [৩.২] পলিসি ইস্যুর সংখ্যা বৃদ্ধি | [৩.২.১] পলিসির সংখ্যা | দায়গ্রহণ বিভাগ, সাবীক, প্রঃকাঃ | প্রিমিয়াম রেজিস্টার |
| [৩.৩] বঙ্গবন্ধু সুরক্ষা বীমা ইস্যুর সংখ্যা বৃদ্ধি | [৩.৩.১] গ্রাহকের সংখ্যা | দায়গ্রহণ বিভাগ, সাবীক, প্রঃকাঃ | প্রিমিয়াম রেজিস্টার |
| [৪.১] পলিসি ইস্যু ব্যবস্থা ডিজিটালাইজ করা | [৪.১.১] পলিসি ধরনের সংখ্যা | দায়গ্রহণ বিভাগ, সাবীক, প্রঃকাঃ | প্রিমিয়াম রেজিস্টার |
| [৪.২] ব্যবসা সহজীকরণ এবং ওয়ান স্টপ সার্ভিস (OSS) সম্পর্কিত তথ্য প্রচার ও সেবাপ্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ | [৪.২.১] ব্যবসা সহজীকরণ এবং ওয়ান স্টপ সার্ভিস (OSS) এর মাধ্যমে তথ্য/ সেবা প্রদানকারী শাখা/অফিস/বিভাগের সংখ্যা | দায়গ্রহণ বিভাগ, সাবীক, প্রঃকাঃ | রেজিস্টার |
| [৫.১] কৃষকদের জন্য প্রচলিত শস্য বীমা ইস্যুর সংখ্যা বৃদ্ধি | [৫.১.১] গ্রাহক সংখ্যা | দায়গ্রহণ বিভাগ, সাবীক, প্রঃকাঃ | প্রিমিয়াম রেজিস্টার |
| [৫.২] কৃষকদের বীমা বিষয়ে সচেতনমূলক সেমিনার আয়োজন করা; | [৫.২.১] সেমিনার সংখ্যা | দায়গ্রহণ বিভাগ, সাবীক, প্রঃকাঃ | প্রিমিয়াম রেজিস্টার |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| পলিসি ইস্যু ব্যবস্থা ডিজিটালাইজ করা | পলিসি ধরনের সংখ্যা | বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত বিআইএসডিপি প্রজেক্টের মাধ্যমে সাবীকের পলিসি ইস্যু ব্যবস্থা ডিজিটালাইজেশন করা |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ